গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৬১/২০১৯-২০২০

ঢাকা, ২৩ সেপ্টেম্বর সোমবার ২০১৯, ৮ আশ্বিন ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতিসংঘ সাধারণ অধিবেশনে যোগদানের জন্য নিউইয়র্কের উদ্দেশে প্রধানমন্ত্রীর আবুধাবি ত্যাগ
২। ইউরেশিয়ান দেশের স্পিকারদের সভায় যোগ দিতে কাজাখস্তান সফরে স্পিকার
৩। রোহিঙ্গাদের প্রত্যাবাসনে সরকারের কূটনৈতিক চেষ্টা অব্যাহত রয়েছে : কক্সবাজারে সেতুমন্ত্রী
৪। রোহিঙ্গা সংকট সমাধানে চীনের অংশগ্রহণকে স্বাগত জানাল যুক্তরাজ্য : রোহিঙ্গাদের জন্য ৯৭২ কোটি টাকার অর্থ সহায়তা ঘোষণা
৫। কাউকেই ক্যাসিনো চালাতে দেব না : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। সব ধরনের দুর্নীতি অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে সরকার : তথ্যমন্ত্রী
৭। গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী
৮। প্রকল্প কাজে গাফিলতি করা যাবে না : চট্টগ্রামে পরিকল্পনামন্ত্রী
৯। সিলেটের উন্নয়নে জনপ্রতিনিধিরা সচেষ্ট : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী
১০। আইনের ব্যত্যয় ঘটিয়ে সরকারের স্বার্থ বিনষ্ট করলে কঠোর ব্যবস্থা : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী
১১। ন্যাশনাল ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন করা হবে : ঝিনাইদহে আইসিটি প্রতিমন্ত্রী
১২। এডিস মশা বন্ধ্যাকরণ পদ্ধতির সম্ভাব্যতা যাচাই হচ্ছে : ডিএসসিসি মেয়র
১৩। পুঁজিবাজারে তারল্য বাড়াতে বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন : ব্যাংকগুলোকে ৯টি শর্ত প্রতিপালনের নির্দেশ

চলমান পাতা-২

**১।	জাতিসংঘ সাধারণ অধিবেশনে যোগদানের জন্য নিউইয়র্কের উদ্দেশে প্রধানমন্ত্রীর আবুধাবি ত্যাগ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে যোগদানের জন্য আট দিনের সরকারি সফরে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের উদ্দেশে গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) আবুধাবি ত্যাগ করেন। প্রধানমন্ত্রী ২৭ সেপ্টেম্বর ইউএনজিএ ৭৪তম বার্ষিক অধিবেশনে ভাষণ দেবেন। যুক্তরাষ্ট্র সফরকালে তিনি ২৪ সেপ্টেম্বর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ২৮ সেপ্টেম্বর জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। ইত্তেহাদ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট স্থানীয় সময় সকাল ১০টা ৪৫ মিনিটে প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের নিয়ে আবুধাবিতে এক দিনের যাত্রাবিরতি শেষে নিউইয়র্কের উদ্দেশে যাত্রা করে। একই দিন প্রধানমন্ত্রী বিকাল ৪টা ২৫ মিনিটে (স্থানীয় সময়) নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবেন। বিমানবন্দরে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ জিয়াউদ্দিন এবং জাতিসংঘে বাংলাদেশের রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন প্রধানমন্ত্রীকে স্বাগত জানাবেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

**২।	ইউরেশিয়ান দেশের স্পিকারদের সভায় যোগ দিতে কাজাখস্তান সফরে স্পিকার**

বৃহত্তর ইউরেশিয়া প্রতিপাদ্যে ইউরেশিয়ান দেশভুক্ত স্পিকারদের ৪র্থ সভা, সংলাপ ট্রান্স পার্টনারশিপ শীর্ষক সম্মেলনে অংশ নিতে কাজাখস্তানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। সম্মেলন শেষে স্পিকার উগান্ডায় অনুষ্ঠেয় ৬৪তম কমনওয়েলথ পার্লামেন্টারি কনফারেন্সে যোগ দিবেন। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) ঢাকা ত্যাগ করেন তিনি। সূত্র **: সংবাদ** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**৩।	রোহিঙ্গাদের প্রত্যাবাসনে সরকারের কূটনৈতিক চেষ্টা অব্যাহত রয়েছে : কক্সবাজারে সেতুমন্ত্রী**

সরকার রোহিঙ্গা সংকট মোকাবিলায় বসে নেই উল্লেখ করে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, রোহিঙ্গাদের প্রত্যাবাসনে সরকারের কূটনৈতিক চেষ্টা অব্যাহত রয়েছে। সে লক্ষ্যে অসুস্থ শরীর নিয়েও জাতিসংঘে গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে চীন-ভারতের সঙ্গেও আলোচনা হচ্ছে। এ ইস্যুতে তাদের ভূমিকাটা বেশি কাজে আসবে। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) কক্সবাজার জেলায় আট প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, মানবিক কারণে আশ্রয় দেওয়া **১১** লাখ রোহিঙ্গার বোঝা কমাতে চেষ্টা করছে সরকার। কিন্তু বিশৃঙ্খলার উস্কানি দিয়ে, রাজনৈতিক ইস্যু হিসেবে বেছে নিয়ে রোহিঙ্গাদের একটি গোষ্ঠী চক্রান্ত করছে। বিশৃঙ্খলার উস্কানি না দিয়ে, রাজনৈতিক ইস্যু না করে রোহিঙ্গা সমস্যা সমাধানে সরকারকে সহযোগিতা করতে বিএনপির প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। **সূত্র : ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৮)।

**৪।	রোহিঙ্গা সংকট সমাধানে চীনের অংশগ্রহণকে স্বাগত জানাল যুক্তরাজ্য :**
**রোহিঙ্গাদের জন্য ৯৭২ কোটি টাকার অর্থ সহায়তা ঘোষণা**

রোহিঙ্গা সংকট সমাধানে কূটনৈতিক প্রচেষ্টায় চীনের সক্রিয় অংশগ্রহণকে স্বাগত জানিয়েছে যুক্তরাজ্য। এ সংকটের স্থায়ী রাজনৈতিক সমাধান নিশ্চিত করতে ব্রিটেন প্রচেষ্টা অব্যাহত রেখেছে। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) সংবাদসম্মেলনে এ কথা জানান ঢাকায় নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে হাইকমিশনার বলেন, রোহিঙ্গা সংকট এখন শুধু বাংলাদেশের নয়, আন্তর্জাতিক সংকট। এ সংকট মোকাবিলায় আন্তর্জাতিক সম্প্রদায় নানাভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে। যুক্তরাজ্যও আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রচেষ্টার সঙ্গে আছে। পাশাপাশি তাঁর দেশ নিজের উদ্যোগেও সংকট নিরসনে তৎপরতা চালাচ্ছে। তিনি আশা করেন, কিছুটা সময় লাগলেও অবশ্যই এ সংকটের শান্তিপূর্ণ এবং স্থায়ী রাজনৈতিক সমাধান নিশ্চিত হবে। সংবাদসম্মেলনে রোহিঙ্গা সংকট মোকাবিলায় যুক্তরাজ্যের পক্ষ থেকে আরও ৮৭ মিলিয়ন পাউন্ড বা প্রায় ৯৭২ কোটি টাকা অর্থ সহায়তার ঘোষণা দেন বাংলাদেশে যুক্তরাজ্যের দাতা সংস্থা ইউকেএইডের প্রধান জুডিথ হারবার্টসন। সূত্র-**সমকাল** (পৃ.,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.২) **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৫।　কাউকেই ক্যাসিনো চালাতে দেব না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রাজনীতিবিদ, জনপ্রতিনিধি কিংবা সমাজের প্রতিষ্ঠিত ব্যক্তি হোক কাউকেই ক্যাসিনো ব্যবসা করতে দেওয়া হবে না। অবৈধ কোনো ব্যবসা এদেশে করতে দেওয়া হবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করে তিনি বলেন, ক্যাসিনো আইনসঙ্গত ব্যবসা না। আইন লঙ্ঘন করে কাউকে কোনো ব্যবসা আমরা করতে দেবো না এটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) রাজধানীর মানিক মিয়া এভিনিউতে বিশ্ব ব্যক্তিগত গাড়িমুক্ত দিবস অনুষ্ঠানে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক (পৃ.১৯,ক.৭), সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **নিউ নেশন (শেষ** পৃ.,ক.২)।

**৬।　সব ধরনের দুর্নীতি অনিয়মের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিচ্ছে সরকার : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, দলমত নির্বিশেষে সব ধরনের দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা নিচ্ছে। এক্ষেত্রে কে কোন দল বা মতের তা দেখা হচ্ছে না। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ বেতার-টেলিভিশন শিল্পী সংস্থার সঙ্গে মতবিনিময় সভার শুরুতে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, বিভিন্ন ক্লাবে অভিযান চালিয়ে আইনশৃঙ্খলা বাহিনীর ক্যাসিনো চালানোর অভিযোগে যাদের ধরছে, তাদের কেউ কেঁচো বা চুনোপুঁটি নয়। **সূত্র : ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**৭।　গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন করতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। যখন কোনো একটি প্রকল্প গ্রহণ করা হয়, তখন তা নির্ধারিত সময়ে বাস্তবায়ন ও কোয়ালিটি ঠিক রাখা গুরুত্বপূর্ণ। তবে প্রকল্প নেয়ার সময় এর প্রয়োজনীয়তা বা অর্থনীতিতে কি অবদান রাখবে এ বিষয়কগুলো বিবেচনায় রাখতে হবে। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে 'দ্রুত প্রকল্প বাস্তবায়ন সপ্তাহ-২০১৯' উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

**৮।　প্রকল্প কাজে গাফিলতি করা যাবে না : চট্টগ্রামে পরিকল্পনামন্ত্রী**

শূন্য অগ্রগতিসম্পন্ন প্রকল্পকে দুর্বল প্রকল্প হিসেবে অভিহিত করেছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। দুর্বল প্রকল্পের প্রকল্প পরিচালক হওয়া সম্মানের বিষয় নয় বলেও মন্তব্য করেন তিনি। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) চলতি অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত চট্টগ্রাম বিভাগে বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, প্রকল্প কাজে কেন দেরি হয়, তার কারণ ও সমাধান বের করতে হবে। প্রকল্প কাজে গাফিলতি করা যাবে না। যারা দক্ষতার সঙ্গে প্রকল্পের কাজ করছেন, তাদের ধন্যবাদ জানানোর পাশাপাশি মন্ত্রী আরো বলেন, প্রকল্প এলাকায় প্রকল্প পরিচালক না থাকা কাঙ্ক্ষিত নয়। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৬)।

**৯।　সিলেটের উন্নয়নে জনপ্রতিনিধিরা সচেষ্ট : নিউইয়র্কে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুদূরপ্রসারী নেতৃত্বগুণের সুফল সিলেটসহ সারাদেশ পাচ্ছে। উন্নয়ন-অগ্রগতির এ ধারা অব্যাহত রাখতে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। গত **২১** সেপ্টেম্বর শনিবার রাতে নিউইয়র্ক সিটির জ্যাকসন হাইটসে বেলাজিনো পার্টি হলে 'কেমন সিলেট চাই' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, সিলেটের ইতিহাস-ঐতিহ্যের পরিপূরক বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। রাজধানী ঢাকার সঙ্গে যোগাযোগ ব্যবস্থায় যুগান্তকারী উন্নয়ন ঘটবে, এমন কাজও শুরু হয়েছে। এছাড়া সিলেটের সামগ্রিক উন্নয়নের জন্য এলাকার নির্বাচিত প্রতিনিধিরাও সচেষ্ট রয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১)।

**১০। আইনের ব্যত্যয় ঘটিয়ে সরকারের স্বার্থ বিনষ্ট করলে কঠোর ব্যবস্থা : গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম বলেছেন, মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর-সংস্থার কোনো কর্মকাণ্ডে নিয়মের ব্যত্যয় ঘটানো যাবে না। নিয়মের বাইরে কোনো নথি উপস্থাপন করা যাবে না। ব্যত্যয় হলে যে কর্মকর্তার মাধ্যমে নথি এসেছে, তিনি এর জন্য দায়ী হবেন। এ ব্যাপারে অত্যন্ত সচেতন থাকতে হবে। প্রত্যেকটি নথি যত্ন নিয়ে দেখতে হবে। আইন ও নিয়মের ব্যত্যয় ঘটিয়ে সরকারের স্বার্থ বিনষ্ট করা হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) সচিবালয়স্থ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট মাসের অগ্রগতি পর্যালোচনাসভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। **সূত্র : ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৬)।

**১১। ন্যাশনাল ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন করা হবে : ঝিনাইদহে আইসিটি প্রতিমন্ত্রী**

সাইবার অপরাধ রুখতে ন্যাশনাল ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন করা হবে বলে জানিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) ঝিনাইদহ সার্কিট হাউজে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, এরই মধ্যে পুলিশের সিআইডিতে একটি ফরেনসিক ল্যাব স্থাপন করা হয়েছে। তবে এবার আমরা একটি ন্যাশনাল ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন করতে যাচ্ছি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৫,ক.৫)।

**১২। এডিস মশা বন্ধ্যাকরণ পদ্ধতির সম্ভাব্যতা যাচাই হচ্ছে : ডিএসসিসি মেয়র**

এডিস মশা নিয়ন্ত্রণে বন্ধ্যাকরণ পদ্ধতি প্রয়োগের সম্ভাব্যতা যাচাই করা হচ্ছে বলে জানিয়েছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) নগর ভবনে মশক বিষয়ে অস্ট্রেলিয়ার একটি বিশেষজ্ঞ দলের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। মেয়র বলেন, অস্ট্রেলিয়ার একটি বিশেষজ্ঞ দল বাংলাদেশে এডিস মশা নিয়ন্ত্রণে ঐ পদ্ধতি প্রয়োগের বিষয়ে সম্ভাব্যতা যাচাই করছে। তারই অংশ হিসেবে তাদের সঙ্গে মতবিনিময় হয়েছে। তিনি বলেন, অস্ট্রেলিয়ার এ সংস্থাটি চীন, সিঙ্গাপুরসহ বিশ্বের বিভিন্ন দেশে বন্ধ্যাকরণ পদ্ধতি চালু করেছে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**১৩। পুঁজিবাজারে তারল্য বাড়াতে বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন :**
**ব্যাংকগুলোকে ৯টি শর্ত প্রতিপালনের নির্দেশ**

পুঁজিবাজারে তারল্যপ্রবাহ বাড়াতে বেশ কয়েকটি উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক। এজন্য নীতিমালা সহজ করা হয়েছে। গতকাল (২২ সেপ্টেম্বর রোববার) বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অভ্ অফ-সাইট সুপারভিশন থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে পুঁজিবাজারে ব্যাংকগুলোর নিজস্ব পোর্টফোলিওতে সরাসরি বিনিয়োগ অথবা সাবসিডিয়ারি কোম্পানিতে ঋণ দেওয়ার মাধ্যমে পুঁজিবাজারে তারল্য বাড়ানোর বিষয়টি তুলে ধরা হয়েছে। তবে এক্ষেত্রে ব্যাংকগুলোকে ৯টি শর্ত প্রতিপালন করতে বলা হয়েছে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬),**ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ এজ** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবচাইতে ঝুঁকিতে থাকা দেশগুলোর অন্যতম বাংলাদেশ উল্লেখ করে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় আর্থিক বিনিয়োগের পাশাপাশি আরও প্রাতিষ্ঠানিক সক্ষমতা, আর্থিক পরিকল্পনা, তদারকি, রিপোর্টিং ও কার্যকর নীতি গ্রহণ করার সুপারিশ।

**খ.** **যায়যায়দিন :** রাইডশেয়ারিংয়ের যানবাহন চালানোর জন্য নিবন্ধন নেয়ার নিয়ম থাকলেও তা নিতে আগ্রহ নেই চালকদের-প্রকাশিত প্রতিবেদন উল্লেখ করে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **ভোরের কাগজ :** দেশের নদ-নদী রক্ষায় গৃহীত প্রকল্পগুলোর সুষ্ঠু বাস্তবায়ন প্রত্যাশা।

**ঘ.** **সমকাল :** রাজধানীর সাথে সাথে বিভাগীয় ও জেলা পর্যায়ের ক্লাবগুলোও ক্রীড়া ও সংস্কৃতি চর্চার বদলে জুয়া অনাচারের আড্ডাখানা হয়ে উঠছে উল্লেখ করে এ সাথে জড়িত নেপথ্যের সহযোগীদেরও চিহ্নিত করে বিচার দাবি।

**ঙ.** **যুগান্তর :** চাঁদাবাজ সিন্ডিকেটের কারণে গণপরিবহণ খাতে শৃঙ্খলা ফেরানো যাচ্ছে না, বেসরকারি প্রতিষ্ঠান রোড সেফটি ফাউন্ডেশন আয়োজিত এক সংবাদসম্মেলনে বক্তারা এ বিষয়টি তুলে ধরেন উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **নিউজ টুডে :** সরকার দেশের আটটি বিভাগে ১০০ শয্যার ক্যান্সার হাসপাতাল স্থাপনের পরিকল্পনা হাতে নিয়েছে উল্লেখ করে এতে করে দরিদ্র রোগীরা সুলভে যথাযথভাবে ক্যান্সার চিকিৎসা পাবে বলে প্রত্যাশা ব্যক্ত।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রি'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, যারা মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রি করে তাদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা